

ব্রি ধান-গম কাটা যন্ত্র পরিচিতি

এটি পাওয়ার টিলার চালিত একটি ধান ও গম কাটার যন্ত্র। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি এন্ড পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগের বিজ্ঞানীগণ ১৯৯৬ সালে যন্ত্রটি উদ্ভাবন করেছেন।

ব্রি ধান-গম কাটা যন্ত্রের প্রয়োজনীয়তা

সনাতন পদ্ধতিতে কাঁচি দিয়ে কাটার তুলনায় অল্প সময় ও খরচে ফসল কাটা যায়। সঠিক সময়ে দ্রুত কেটে প্রাকৃতিক দুর্ব্যোগের ক্ষতি থেকে শস্য রক্ষা করা যায়। ধান ও গম কাটতে ব্যবহার করা যায়।



ব্রি ধান-গম কাটা যন্ত্র

প্রধান বৈশিষ্ট্যসমূহ:

- ▶ তৈরির উপাদান : ধাতব পাত, লৌহদণ্ড, বিয়ারিং, কাঁচি, পুলি, ভি-বেল্ট, তারকা চাকা
- ▶ চালিকা শক্তি : ৮-১০ অশ্বশক্তিসম্পন্ন ডিজেল ইঞ্জিন
- ▶ কার্য ক্ষমতা : প্রতি ঘণ্টায় ১-১.৫ বিঘা
- ▶ জ্বালানি খরচ : প্রতি ঘণ্টায় ১ লিটার

খরচ ও লাভ:

- ▶ মূল্য (পাওয়া টিলারসহ) : ১৬০,০০০ টাকা
- ▶ কার্যকরী জীবনকাল : ৫ বছর
- ▶ আনুমানিক ব্যবহার : প্রতি বছর ৪০০ ঘণ্টা
- ▶ আনুমানিক খরচ : প্রতি বিঘা ২০৪ টাকা
- ▶ লাভ : প্রতি বিঘা ৫৫০ টাকা
- ▶ মূলধন ফেরত পাওয়ার সময়: ৮ মাস

সুবিধা:

- ▶ সময়মত ফসল কাটা যায়, ফলে ফসলহানি কম হয়
- ▶ মেশিন চালাতে মাত্র একজন লোকের প্রয়োজন হয়
- ▶ ভাড়ায় ব্যবহার করা যায়

সীমাবদ্ধতা:

- ▶ আইলের কিনারা ও জমির কোনার ফসল এই মেশিনে কাটতে পারে না। তাই আগেই হাতে কেটে নিতে হবে
- ▶ ফসল কাটার সময় জমি কাদাময় হলে ব্যবহার করা কষ্টকর
- ▶ নুয়েপড়া ফসল কাটতে পারে না।

প্রাপ্তিস্থান

- ▶ জনতা মেশিন টুলস্ লিমিটেড, ২৯ দিলকুশা শিল্প এলাকা, ঢাকা ১০০০, ফোন : ৯৫৬৪১১১
- ▶ মেসার্স উত্তরণ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশ (প্রাঃ) লি., কালিতলা, দিনাজপুর, ফোন: ০৫৩১-৬৩০০৪ (অনু)
- ▶ জে কে ইন্ডাস্ট্রিজ, ১৬ শের-ই-বাংলা রোড, কাটাসুর, মোহাম্মদপুর, ঢাকা ১২০৭, ফোন : ৯১১১৯৪৭



ব্রি ধান-গম কাটা যন্ত্র